



জ্বালানি সংকটের জন্য আওয়ামী লীগ দায়ী: তথ্যমন্ত্রী



তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। ছবি: সংগৃহীত

দেশে চলমান জ্বালানি সংকটের জন্য পূর্ববর্তী আওয়ামী লীগ সরকারকে দায়ী করেছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, দেশে পর্যাপ্ত গ্যাস মজুদ থাকলেও আগের সরকার তা উত্তোলনে কার্যকর উদ্যোগ নেয়নি, বরং আমদানিনির্ভর জ্বালানি ব্যবস্থার ওপর নির্ভরশীলতা তৈরি করেছে।

সোমবার বরিশালের আগউলঝারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাম-রুবেলা টিকাদান কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি আরও দাবি করেন, নিজস্ব গ্যাস উৎপাদন বাড়ানো হলে হরমুজ প্রণালির মতো আন্তর্জাতিক জটিলতার প্রভাব দেশের ওপর এতটা পড়ত না।

সুধী সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তথ্যমন্ত্রী বলেন, শুধু ক্ষমতা নয়, জনগণের সেবার লক্ষ্য নিয়েই কাজ করা উচিত। তার ভাষায়, রাষ্ট্র কাঠামোকে সংস্কার ছাড়া চলমান সংকট থেকে উত্তরণ সম্ভব নয়। তিনি আরও বলেন, বর্তমান সরকার রাষ্ট্র ও রাজনৈতিক ব্যবস্থাকে পুনর্গঠনের দিকে এগোচ্ছে।

এদিকে স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছরে বরিশাল বিভাগে হামে আক্রান্ত হয়েছে ১ হাজার ৯৯০ জন শিশু, যাদের মধ্যে ১৯ জনের মৃত্যু হয়েছে। পরিস্থিতি মোকাবেলায় আটটি উপজেলায় ১০ লাখ ৬২ হাজার ৫৪০ শিশুকে টিকা দেওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। আট হাজারেরও বেশি কেন্দ্রে এ টিকাদান কার্যক্রম চলমান রয়েছে।